

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ৪.৭৭ লক্ষ টাকা জরিমানা

২৬ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, রাজশাহী, শরীয়তপুর, মৌলভীবাজার, ভোলা, পটুয়াখালী ও কিশোরগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর ভাটারা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Magpie রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে টিটি ফার্মাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জিনিয়ান রেস্টুরেন্টকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষষ্ঠে হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্য মিশনের অপরাধে ওয়ান স্টার হোটেল এন্ড রেস্টুরেন্ট, রংয়েল সুইট মিট ও নিউ কল্পুরিকে যথাক্রমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, ৪০,০০০/- (চলিশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১,৪৫,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর বেসিক শিল্প নগরীর এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেট সদরে ৩টি প্রতিষ্ঠানকে ৭০,০০০/- (সত্ত্বে হাজার) টাকা ও অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রোজ ভিত্তি হোটেলকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৭৫০/- (তিনি হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৯টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষষ্ঠে হাজার পাঁচশত) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিনি হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর বাটুফল উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জানাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকাসহ মোট ২,৬৬,০০০/- (দুই লক্ষ ছিচ্ছিটি হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশন, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও ওজনের কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকিতে ৩৪টি প্রতিষ্ঠানকে মোট ৪,৭৭,০০০/- (চার লক্ষ সাতশত হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মৎ ৩,৭৫০/- (তিনি হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃক্ষের লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, কৃষি কর্মকর্তা, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নথি):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বাত্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট, রাজশাহী ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, রাজশাহী, শরীয়তপুর, মৌলভীবাজার, ভোলা, পটুয়াখালী ও কিশোরগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, রাজশাহী, শরীয়তপুর, মৌলভীবাজার, ভোলা, পটুয়াখালী ও কিশোরগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।